

ত্রী আল-আ'রাফ | Al-A'raf | ٱلْأَعْرَاف

আয়াতঃ ৭: ১৩২

💵 আরবি মূল আয়াত:

وَ قَالُوا مَهِمَا تَاتِنَا بِهِ مِن أَيَمٍ لِّتَسحَرَنَا بِهَا فَمَا نَحنُ لَكَ بِمُؤْمِنِينَ ﴿ ١٣٢﴾

আর তারা বলল, 'তুমি আমাদেরকে যাদু করার জন্য যে কোন নিদর্শন আমাদের কাছে নিয়ে আস না কেন আমরা তো তোমার প্রতি ঈমান আনব না।' — আল-বায়ান

তারা বলল, 'আমাদেরকে যাদুগ্রস্ত করার জন্য তুমি যে কোন নিদর্শনই নিয়ে আস না কেন, আমরা কিছুতেই তোমাতে বিশ্বাস করব না।' — তাইসিরুল

তারা বললঃ আমাদেরকে যাদু করার জন্য যে কোন নিদর্শনই পেশ করনা কেন আমরা তাতে ঈমান আনবনা। — মুজিবুর রহমান

And they said, "No matter what sign you bring us with which to bewitch us, we will not be believers in you." — Sahih International

১৩২. আর তারা বলত, আমাদেরকে জাদু করার জন্য তুমি যে কোন নিদর্শন আমাদের কাছে পেশ কর না কেন, আমরা তোমার উপর ঈমান আনব না।

তাফসীরে জাকারিয়া

(১৩২) তারা বলল, 'আমাদেরকে যাদু করার জন্য তুমি যে কোন নিদর্শন আমাদের নিকট উপস্থিত কর না কেন, আমরা তোমাতে বিশ্বাস করব না।' [1]

[1] এটি তাদের কুফরী ও অস্বীকারের বহিঃপ্রকাশ, যাতে তারা ডুবে ছিল। মু'জিযা ও আল্লাহর নিদর্শনাবলীকে এখনো পর্যন্ত তারা যাদুকরের কাজ বলেই মনে করত।

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন